

সম্প্রতি দেখা যাচ্ছে যে, কতিপয় প্রতারকচক্র BTRC-এর নামে ফোন কল ও SMS এর মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করে সিম রেজিস্ট্রেশন তথ্য, অর্থ (বিকাস ও অন্যান্য মোবাইল ফিন্যান্সিয়াল অ্যাকাউন্ট পিন), এবং ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিচ্ছে। এক্ষেত্রে, বিভিন্ন মোবাইল অপারেটর নম্বর এবং অবৈধ প্রযুক্তি ব্যবহার করে BTRC এর ল্যান্ড লাইন (+৮৮০২৯৬১১১১১)/ মোবাইল নম্বর (+৮৮০১৫৫৫১২১১২১) কপি করে ব্যবহার করতে দেখা যাচ্ছে। এমনকি, BTRC নামেও কল করতে দেখা যাচ্ছে। এছাড়া, BD info, Bangladesh info, BTRC info প্রভৃতি নামে বিভিন্ন SMS পাঠিয়ে পিন নম্বর বা অর্থ চাওয়া হচ্ছে। জনস্বার্থে জানানো যাচ্ছে যে, বিটিআরসি থেকে কল বা এসএমএস এর মাধ্যমে বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধনের জটিলতা দূরীকরণের নামে গ্রাহকের ব্যক্তিগত তথ্য বা গোপন পিন/ পাস-ওয়ার্ড চাওয়া হয় না। প্রতারক/ অপরাধীচক্র কর্তৃক বিটিআরসি'র নামে চাহিত ব্যক্তিগত তথ্য, গোপন পিন/ পাস-ওয়ার্ড, অর্থ বা পুরস্কার প্রাপ্তি সংক্রান্ত কল বা এসএমএস এর উত্তরে তথ্য/অর্থ প্রদান করা থেকে বিরত থাকুন।

Notice Date

13 October 2016